৬০৭৭

দৈনিক সংবাদ

তারিখ ২০ JUL 1995
পৃষ্ঠা ৮ কলাম ৭

# ব্র্যাক উপ-আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের দশক পূর্তি

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ রুরাল এডভান্সমেন্ট কমিটি (ব্র্যাক) পরিচালিত উপ-আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের একদশক পূর্ণ হলো এবছর। এ উপলক্ষে গতকাল বুধবার বিভিন্ন পত্রিকার সাংবাদিকদের মানিকগঞ্জে ব্র্যাকের কয়েকটি স্কুল পরিদর্শনে নিয়ে যাওয়া হয়। মানিকগঞ্জে আয়েশা-আবেদ ফাউন্ডেশন কার্যালয়ে এক প্রেস ব্রিফিংয়ে উপ-আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম পদ্ধতি এবং সারাদেশে এর সাফল্য সম্পর্কে সাংবাদিকদের অবহিত করেন ব্র্যাকের পাবলিক এফেয়ার্স বিভাগের পরিচালক তাজুলইসলাম।

প্রচলিত শিক্ষা ব্যবস্থা থেকে সম্পূর্ণ ভিন্ন রকম ব্র্যাক উপ-আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম শুরু হয় মানিকগঞ্জ অঞ্চলে মাত্র ২২টি স্কুল দিয়ে। দশ বছরের দীর্ঘ সাফল্যের পথ অতিক্রম করে এখন স্কুলের সংখ্যা দাঁড়িয়েছে ৩০ হাজার ৫শ'। '৯৭ সালে স্কুল সংখ্যা উন্নীত হবে ৩৫ হাজারে। ৩ লাখ ২০ হাজারের বেশি ছাত্রছাত্রী ইতিমধ্যে শিক্ষালাভ করেছে। এখন স্কুলগুলোতে অধ্যয়ন করছে ৯ লাখ ৮০ হাজারের বেশি ছাত্রছাত্রী।

ব্র্যাক স্কুল কার্যক্রমের বৈশিষ্ট্য হলো একটি মাত্র কক্ষে একজন শিক্ষক একসাথে ৩৩ জন ছাত্রছাত্রীকে শিক্ষা দেন। ৩ বছরের কোর্সে বিষয় থাকে বাংলা, অংক, সমাজশিক্ষা, ইংরেজি ও ধর্মীয় শিক্ষা, স্কুলে বিনোদনের ব্যবস্থাও থাকে। তবে কোন পরীক্ষা হয় না। পড়া না পারার জন্য কোন শাস্তির ব্যবস্থা নেই। কোন হোম ওয়ার্কও দেয়া হয় না। স্কুলের সময়সীমাও পড়ুয়াদের সুবিধামত নির্ধারণ করা হয়। পড়ুয়াদের মধ্যে অবশ্যই শতকরা ৭৫ ভাগ মেয়ে ভর্তি করা হয়। আনন্দময় পরিবেশে পড়াশোনা হয় বলে স্কুল পালানোর প্রবণতা নেই বললেই চলে। প্রতিটি পড়ুয়ার জন্য বছরে খরচ হয় প্রায় ৮শ' টাকা। ব্র্যাক স্কুল থেকে পড়াশোনা শেষ করে ছাত্রছাত্রীরা সরকারি স্কুলগুলোতে ৪র্থ ও ৫ম শ্রেণীতে ভর্তি হতে পারে।

ব্র্যাক কর্মকর্তা তাজুল ইসলাম জানান, এই উপ-আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম বাংলাদেশে এতোটাই সফল হয়েছে যে, এখন বিদেশীরা এই কার্যক্রম সম্পর্কে গভীর আগ্রহ প্রকাশ করছে। গত বছর ('৯৪) পৃথিবীর বিভিন্ন দেশ থেকে মোট ৯৪টি দল এসেছে এই কার্যক্রম স্বচক্ষে দেখার জন্য। নাইরোবিতে ইউনিসেফ কার্যালয়ে ব্র্যাক এডুকেশন সেল খোলা হয়েছে এবং খুব শিগগির উগান্ডায় ব্র্যাক পদ্ধতির শিক্ষা ব্যবস্থা চালু হবে।

পরে সাংবাদিক দলকে মানিকগঞ্জের উচুটিয়া, আন্দারমানিক, বেড়ঘাটা গ্রামের স্কুল, পূর্ব দাশড়া গ্রামের ১টি পাঠাগার এবং ব্র্যাক স্কুল সমাপ্তকারী মেয়েদের পরিচালিত এক কাঠের আসবাবপত্র তৈরি কারখানা ঘুরিয়ে দেখানো হয়।